

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, কুড়িগ্রাম
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.kurigram.gov.bd

নম্বর-০৫.৪৭.৪৯০০.০০৫.০৯.০০৪.২২-

তারিখ : অগ্রহায়ণ ১৪৩১
ডিসেম্বর ২০২৪

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, রাজনৈতিক শাখা-৪ এর ২৪ নভেম্বর, ২০২৪ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৪২৮ নম্বর স্মারক পত্রের পরিপ্রেক্ষিতে কুড়িগ্রাম জেলার বৈধ আগ্নেয়াস্ত্র ব্যবহারকারী ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহের কুড়িগ্রাম জেলা ম্যাজিস্ট্রেট হতে ইস্যুকৃত বৈধ আগ্নেয়াস্ত্রসমূহ ২০২৫ সালের জন্য নিম্নবর্ণিত স্থানে অফিস চলাকালীন সময়ে নবায়ন করা হবে। নবায়ন ফি, নবায়নের তারিখ ও স্থান নিম্নবর্ণিত ছক তিনটিতে অন্তর্ভুক্ত করা হলো। ২০২৫ সালের নবায়ন অনলাইনে সম্পন্ন করা হবে। লাইসেন্সধারীকে নবায়নের জন্য arms.psd.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে নবায়নের আবেদন নির্ধারিত তারিখের ০৩ (তিন) দিন পূর্বেই সম্পন্ন করতে হবে। নবায়নের সময় (১) জাতীয় পরিচয়পত্র (২) আগ্নেয়াস্ত্র নবায়ন ফি (৩) ১৫% ভ্যাট (৪) ১০% উৎস কর নির্ধারিত কোডে ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে (সোনালী ব্যাংক লিঃ) জমা প্রদানপূর্বক (৫) চালানোর কপি (৬) আয়কর রিটার্ন সার্টিফিকেট (৭) আগ্নেয়াস্ত্রের মূল লাইসেন্স, অস্ত্র ও গোলাবারুদসহ (অস্ত্র থানায় জমা থাকলে হালনাগাদ জমা রশিদ) নির্ধারিত তারিখের মধ্যে নবায়নের লক্ষ্যে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

২০২৫ সালে আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করার জন্য জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম এর পক্ষে জনাব সায়েকুল হাসান খান (পরিচিতি নং-১৯২৫২), সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জুডিসিয়াল মুন্সিখানা শাখা, জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, কুড়িগ্রামকে লাইসেন্স নবায়ন করার ক্ষমতা প্রদান করা হলো। তিনি পিস্তল/রিভলবার/রাইফেল/শটগান/বন্দুক লাইসেন্স নবায়ন কার্যক্রম সম্পাদন করবেন। তাঁর অনুপস্থিতিতে প্রতিকল্প কর্মকর্তা লাইসেন্স নবায়ন কার্যক্রম সম্পাদন করবেন।

(ক) ২০২৫ সালের লাইসেন্স নবায়ন ফি

ক্রম	অস্ত্রের ধরণ	নবায়ন ফি
১	পিস্তল ও রিভলবার	১০,০০০/- (দশ হাজার) টাকা, ১৫% ভ্যাট ও ১০% উৎস কর
২	একনলা বন্দুক, দোনলা বন্দুক, শটগান ও রাইফেল	৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ১৫% ভ্যাট ও ১০% উৎস কর

(খ) নবায়নের ট্রেজারি চালান কোড নম্বর

ক্র: নং:	খাত	ট্রেজারি চালান কোড নং	এ চালান কোড
১	আগ্নেয়াস্ত্রের নবায়ন ফি	১-২২১১-০০০০-১৮৫৯	১৪২২১০২
২	ভ্যাট ১৫%	১-১১৩৩-০০১০-০৩১১	১১৪১১০১
৩	উৎস কর ১০%	১-১১৪১-০০৩৫-০১১১ (ব্যক্তি পর্যায়ে)	১১১১১০১ (ব্যক্তি পর্যায়ে)
৪	উৎস কর ১০%	১-১১৪১-০০৩৫-০১০১ (প্রতিষ্ঠান পর্যায়ে)	১১১২১০১ (প্রতিষ্ঠান পর্যায়ে)

(গ) নবায়নের তারিখ ও স্থান এবং নবায়নকারী কর্মকর্তা

ক্র: নং	উপজেলার নাম	লাইসেন্স নবায়নের তারিখ	নবায়নের স্থান	নবায়নকারী কর্মকর্তা
১	কুড়িগ্রাম সদর	১০ ডিসেম্বর, ২০২৪	জুডিসিয়াল মুন্সিখানা শাখা জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয় কুড়িগ্রাম	সহকারী কমিশনার জুডিসিয়াল মুন্সিখানা শাখা জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয় কুড়িগ্রাম
২	রাজারহাট, ফুলবাড়ী	১২ ডিসেম্বর, ২০২৪		
৩	নাগেশ্বরী, ভূরুজামারী	১৭ ডিসেম্বর, ২০২৪		
৪	উলিপুর, চিলমারী	১৯ ডিসেম্বর, ২০২৪		
৫	রৌমারী, চর রাজিবপুর	২২ ডিসেম্বর, ২০২৪		
৬	সমগ্র জেলা	২৪ ডিসেম্বর, ২০২৪ হতে ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখ পর্যন্ত		

স্বাঃ

(নুসরাত সুলতানা)
জেলা ম্যাজিস্ট্রেট
কুড়িগ্রাম

ফোন: ০২৫৮৯৯-৫০০২


ই-মেইল: dckurigram@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৭.৪৯০০.০০৫.০৯.০০৪.২২- ১০৪৪

তারিখ : ১৬ অগ্রহায়ণ ১৪৩১
০৯ ডিসেম্বর ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
- ৩। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট.....(সকল জেলা)
- ৪। পুলিশ সুপার, কুড়িগ্রাম
- ৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম
- ৬। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), কুড়িগ্রাম (তৌর উপজেলাধীন আয়োজিত লাইসেন্সধারীগণের নবায়নের বিষয়টি ব্যাপক প্রচারের অনুরোধসহ)
- ৭। প্রশাসক, কুড়িগ্রাম/নাগেশ্বরী/উলিপুর পৌরসভা, কুড়িগ্রাম
- ৯। নেজারত ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম
- ১০। জনাব.....এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, কুড়িগ্রাম
- ১১। সহকারী কমিশনার (আইসিটি), জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, কুড়িগ্রাম (বিজ্ঞপ্তি জেলা প্রশাসনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১২। উপপরিচালক, জেলা তথ্য অফিস, কুড়িগ্রাম (বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের অনুরোধসহ)
- ১৩। জেলা/উপজেলা হিসাব রক্ষণ অফিসার,.....কুড়িগ্রাম। তাঁকে ট্রেজারী চালানোর মাধ্যমে জমাকৃত অর্থের বিবরণী এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো
- ১৪। অফিসার ইনচার্জ.....(সকল) থানা, কুড়িগ্রাম
- ১৫। ব্যবস্থাপক,.....ব্যাংক লিঃ, কুড়িগ্রাম
- ১৬। চেয়ারম্যান.....(সকল) ইউনিয়ন পরিষদ, কুড়িগ্রাম



জেলা ম্যাজিস্ট্রেট
কুড়িগ্রাম

